



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি  
ইএসসি বিভাগ  
বেগমগঞ্জ, নোয়াখালী

নম্বর ২৭.১২.৭৫০৭.৫৩১.০৭.০২৩.১৯.১৩১

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০

২৪ মে ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে মিনি ঠিকাদার হিসাবে পূর্বযোগ্যতা নবায়ন প্রসংগে।

আগামী ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বৎসরে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য নতুন বৈদ্যুতিক লাইন নির্মাণ, পোল/লাইন স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষন, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার আপগ্রেডিং, পোল নাম্বারিং কাজ করার উদ্দেশ্যে অত্র সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা নবায়নের জন্য নিম্ন লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১।	প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরখাস্তের মাধ্যমে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশ শাখায় নগদ ৫০০/- (পাঁচ শত) টাকা (অফেরত যোগ্য) জমা প্রদান সাপেক্ষে আগামী ২০/০৬/২০২৩ খ্রিঃ তারিখ ১২:০০ ঘটিকার মধ্যে সমিতির সদর দপ্তর ক্যাশ শাখা হতে অফিস চলাকালীন সময়ে নবায়ন ফরম সংগ্রহ করা যাবে।
০২।	নবায়ন ফরম আগামী ২৬/০৬/২৩ খ্রিঃ তারিখের মধ্যে সকল দলিলাদিসহ সমিতির সদর দপ্তরে জমা করতে হবে।
০৩।	বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ঠিকাদারী লাইসেন্স, ট্রেড লাইসেন্স, চলতি আয়কর ক্রিয়ারেপ্স সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট ক, খ, গ বৈদ্যুতিক সুপারভাইজারী লাইসেন্স প্রতিষ্ঠানের মালিকানার সত্যায়িত এ্যাভিডেভিড কপি এবং অন্যান্য আনুষঙ্গিক সনদপত্রের ফটোকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
০৪।	বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত লাইন সুপারভাইজার ও লাইনম্যানের নাম ও অভিজ্ঞতার সনদপত্র, টুলস ও যন্ত্রপাতির তালিকা আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।
০৫।	বিভিন্ন সময়ে বাপবিবো/পবিস কর্তৃক যে কোন ধরনের সিদ্ধান্ত/নীতিমালা জারী করা হলে তা মানতে বাধ্য থাকবেন মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
০৬।	২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বৎসরের পূর্ব যোগ্যতা নবায়নের সত্যায়িত ফটোকপি নবায়ন ফরমের সহিত সংযুক্ত করতে হবে।
০৭।	পবিস নির্দেশিকা ১০০-৫২ মোতাবেক অত্র সমিতির আওতায় কর্মরত বাপবিবোর প্রশিক্ষণপ্রাপ্ত লোকবল অন্য কোন সমিতিতে কর্মরত নাই মর্মে অঙ্গীকারনামা নবায়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। অন্য কোন সমিতিতে কর্মরত থাকার প্রমাণ পাওয়া গেলে পূর্ব যোগ্যতা বাতিল করা হবে।
০৮।	আপনার প্রতিষ্ঠান কয়টি সমিতিতে তালিকাভুক্ত (সাময়িক/স্থায়ী) আছে তার প্রতিবেদন নবায়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
০৯।	নির্ধারিত সময়সীমার পর আবেদন পত্র বিক্রয়/ গ্রহণ করা হবে না।
১০।	অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলিয়া গন্য হবে।
১১।	শুধুমাত্র নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠান নবায়নের জন্য আবেদন করতে পারবেন।
১২।	আগামী ০৫/০৭/২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় প্রতিটি প্রতিষ্ঠানের ব্যবহৃত টুলস এবং লোকবলসহ উপস্থিত থাকতে হবে।

১৩।	প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন অভিযোগ কিংবা প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এরূপ তথ্য পাওয়া গেলে কোন প্রকার কারন দর্শানো ছাড়াই যে কোন/ সকল দরখাস্তসহ প্রতিষ্ঠানটিকে অত্র সমিতির তালিকাভুক্তি হতে বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
১৪।	আপনার প্রতিষ্ঠান প্রয়োজনীয় যাচাই বাছাই এ উত্তীর্ণ হওয়ার পর নবায়ন ফি হিসেবে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশ শাখায় ২,০০০/= (দুই হাজার) টাকা মাত্র নগদ জমা প্রদান (অফেরৎযোগ্য) সাপেক্ষে পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত আবেদন ফরম সমিতির সদর দপ্তর ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে।
১৫।	প্রতিটি প্রতিষ্ঠানের সত্বাধিকারীর মোবাইল নম্বর এবং ই-মেইল এড্রেস প্রতিষ্ঠানের প্যাডে উল্লেখ করতে হবে। উক্ত ই-মেইলে পরবর্তীতে নবায়ন ফি জমা প্রদানের তারিখ জানানো হবে।

Zahir

২৭-৫-২০২৩

মোঃ জাকির হোসেন

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম জোন
- ২) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪
- ৩) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, নোয়াখালী
- ৪) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
- ৫) মেসার্স -----
- ৬) নোটিশ বোর্ড, নপবিস।
- ৭) অফিস/মাষ্টার কপি।